



কক্সবাজারে সাগরে ডুবে ৩ পর্যটকের মৃত্যু, নিখোঁজ ২



ছবি: সংগৃহীত

কক্সবাজারের হিমছড়ি সৈকতে গোসল করতে নেমে সাগরের ঢেউ ও প্রবল স্রোতে ভেসে তিন পর্যটকের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আরও দুই পর্যটক নিখোঁজ রয়েছেন।
বুধবার (২১ অক্টোবর) সন্ধ্যায় মেরিনা রিসোর্টের জাদুঘর-সংলগ্ন সৈকতে এ দুর্ঘটনা ঘটে।
নিহত দুজনের পরিচয় পাওয়া গেছে। তাঁরা হলেন ঢাকার উত্তরার দিয়াবাড়ি এলাকার রোহান (২৩) ও শহীদুল ইসলাম (২৩)। নিখোঁজদের একজন ঢাকার আজিমপুর এলাকার নাফিসুল হক নিবিড় (২২)। অপরজনের পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি।
স্থানীয় সূত্রে জানা যায়, সন্ধ্যায় একদল পর্যটক সৈকতে গোসল করতে নামলে কয়েকজন ঢেউ ও স্রোতের টানে ভেসে যান। স্থানীয় লোকজন তাঁদের উদ্ধারে এগিয়ে আসেন। প্রথমে দুজনের মরদেহ উদ্ধার করা হয়। পরে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করা আরেক পর্যটককে হাসপাতালে নেওয়া হলে তাঁর মৃত্যু হয়।
সৈকতকর্মী মাহবুব রহমান তিন পর্যটকের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। রামু উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. জিল্লুর রহমান জানান, নিখোঁজ দুজনকে উদ্ধারে পুলিশ তল্লাশি চালাচ্ছে। নিহত রোহানের বাবার নাম মুকাররম হোসেন। নিখোঁজ নাফিসুল হক নিবিড়ের বাবার নাম হাবিবুর রহমান। অপর নিহত ও নিখোঁজ পর্যটকের বিস্তারিত পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি।